# চারটি সুসমাচার যীশুর সম্বন্ধে সাক্ষ্য প্রদান করে

## চারটি সুসমাচার কিভাবে একে অপরের সাথে মিল ও বৈপরীত্য প্রকাশ করে তা বুঝুন

ছোটদের যারা শিক্ষা দেন তাদের G2b অধ্যয়ন করা উচিত।

ঈশ্বরের বাক্য ও প্রার্থনার দ্বারা নিজেকে প্রস্তুত করুন।

**প্রার্থনা ঃ** ''পবিত্র পিতা, তুমি তোমার পুত্র যীশুর বিষয়ে আমাদেরকে সাক্ষ্য দিয়েছো এবং চারটি সুসাচার পুস্তক আমাদেরকে দান করেছো। এগুলোকে জানতে অপরকে শিক্ষা দিতে এবং এগুলোর প্রতি বাধ্য হতে তোমার অনুগ্রহ আমাদের দান কর।''

১. **পটভূমি**

- প্রাচীনকাল থেকেই একজন অপেক্ষা কিছু জনের সাক্ষ্য অনেক শক্তিশালী। মোশির দত্ত ব্যবস্থা অনুযায়ী আইনি বিচারের জন্য প্রয়োজন দুই অথবা তিনজন সাক্ষীর।
- পবিত্র আত্মা যীশুর জীবনী ও শিক্ষার বিষয়ে আমাদের চারজন সাক্ষী দিয়েছেন। মার্ক, মথি, লুক এবং যোহন এরা হলে চারটি সুসমাচারের লেখক।
- চারটি সুসমাচার পুস্তকের প্রত্যেকজন লেখক যীশু যখন পৃথিবীতে ছিলেন তখন জীবিত ছিলেন। তাদের মধ্যে তিনজন যীশুকে খুব ভালো ভাবে জানতেন এবং লূক যীশু সম্পর্কিত সমস্ত ঘটনার অনুসন্ধান করেছিলেন (লূক ১ঃ১-৩)। আর এইভাবে চারটি সুসমাচারে পুস্তক হল ''সাক্ষীদের'' বিবরণ এবং সবচেয়ে ক্ষমতাশালী।
- চারজন লেখকের প্রত্যেকেই যীশু সম্বন্ধে তাদের লেখনীতে কিছু কিছু একই বিবরণ লিপিবদ্ধ করেছেন এবং প্রত্যেকেই একে অপরের বাদ দেওয়া কিছু বিবরণকে অন্তর্ভুক্ত করেছেন। তথাপি চারটি পুস্তকই একে অন্যের সাথে সহমত বজায় রেখেছে এবং চারটি পুস্তক মেনে একটি সত্য ঘটনাকে উপস্থাপন করেছে।
- শত শত বছর পরে অন্যান্য ধর্মগুলি যীশুর সম্বন্ধে ঘটনাকে পরিবর্তন করার চেষ্টা করেছে; কিন্তু আমরা চারটি আসল সুসমাচার পুস্তক এর প্রতি সম্পূর্ণ আস্থা স্থাপন করতে পারি।



**১৭শ শতকের একটি বিখ্যাত অঙ্কন।**

**লূক ১ঃ১-৪** অংশে চারটি সুসমাচার কোথা থেকে এসেছে।

মুখস্থ পদ চারটি সুসমাচারের নাম চারটি সুসমাচারের লেখকদের প্রধান ব্যক্তিত্বের উপাদানগুলো মুখস্থ করুন।

### মার্ক

- যীশুর ক্রুশারোপণের সময় মার্ক একজন যুবক ব্যক্তি ছিলেন।
- তিনি একটি যিহুদী পরিবারে জন্মেছিলেন এবং যীশুকে দেখেছিলেন ও পিতরকে খুব ভালোভাবে চিনতেন।
- পরবর্তী কালে তিনি প্রেরিত পৌলের সাথে পরিচর্য্যা কাজ করেছিলেন। সম্ভবতঃ অন্যদের থেকে তিনিই আগে তাঁর পুস্তক খানি লিখেছিলেন।
- এটা সবচেয়ে ছোট সুসমাচার এবং বেশীরভাগটাই যীশু যে সমস্ত কাজ করেছিলেন তাই-ই লিপিবদ্ধ করা হয়েছে। রোমীয় লোকজন ক্ষমতার মূল্য দিত এবং বিশেষ ভাবে মার্কের সুসমাচার পড়তে পছন্দ করত।

### মথি

- যীশু তাঁকে "আমাকে অনুসরণ কর" বলে আহ্বান করার আগে পর্যন্ত মথি একজন রক্ষণশীল যিহূদী এবং করগ্রাহী ছিলেন।
- ব্যক্তিগত ভাবে তিনি যা জানতেন সে সমস্ত এবং মার্কের বিবরণ ব্যবহার করে তিনি তাঁর পুস্তকটি লিখেছিলেন।
- তিনি যিহূদীরা উত্তমরূপে বুঝতে পারত এমন বহু ঘটনা এবং বিশদ বিষয়কে যুক্ত করেছেন।

### লূক

- যীশুর মৃত্যু ও পুনুরুত্থানের পর লূক যিনি একজন অযিহূদী এবং ডাক্তার ছিলেন, তাঁর বিশ্বাসী হয়েছিলেন।
- তিনি প্রেরিত পৌলের সাথে ভ্রমণ করেছিলেন। যিহুদীয়াতে পৌলের কারাগারে থাকাকালীন তিনি সেখানে গিয়েছিলেন এবং যীশুর সম্বন্ধে সাক্ষীদের বিবরণের তত্ত্বানুসন্ধান করেছিলেন।
- তিনি যিহুদীয়াতে যে সমস্ত সাক্ষীদের জিজ্ঞাসাবাদ করেছিলেন তাদের সমস্ত কিছু যে তিনি মনোযোগ সহকারে শ্রবণ করেছিলেন তা দেখানোর মাধ্যমে তিনি যীশুর ও যীশু যে সমস্ত লোকের সাথে সাক্ষাৎ করেছিলেন তাদের বিষয়ে বহু বিশদ বর্ণনা।
- লূক এমন অনেক ঐতিহাসিক এবং ডাক্তারী বিষয়কে বর্ণনা করেছেন যা অযিহূদী পড়ুয়াদের আকৃষ্ট করেছিল।

### যোহন

- যীশুর সাথে সাক্ষাত হবার আগে ও তাঁর একজন উৎসর্গীকৃত অনুগামী হবার আগে পর্যন্ত যোহন, যোহন বাপ্তাইজকের একজন অনুগামী ছিলেন।
- যোহন বহু বছর বেঁচেছিলেন। তাঁর মৃত্যুর আগে তিনি অন্যরা যা ছেড়ে গেছিলেন সেই সমস্ত বিবরণ সমূহ নিয়ে তাঁর সুসমাচারটিকে লিখেছিলেন।
- তিনি এমন কিছু যীশুর দীর্ঘ কথোপকথনকে লিপিবদ্ধ করেছেন যা যেকোনও খ্রীষ্টীয় সংস্কৃতির পাঠকরা উপভোগ করেন।

তাঁর অন্যান্য বিভিন্ন শিক্ষা, আজ্ঞা এবং প্রতিজ্ঞা সমূহের পাশাপাশি, চারটি সুসমাচার একত্রে যীশুর জীবন থেকে মূল ঘটনাসমূহকে উপস্থাপন করে।

- সমস্ত সুসমাচারগুলিই যীশু কিভাবে ক্রুশারোপিত এবং কবরস্থ হয়েছিল, এবং কিভাবে তিনি জীবনে পুনরুত্থিত হয়েছিলেন ও বিভিন্ন সাক্ষীর সামনে আবির্ভূত হয়েছিলেন তার পুনঃবর্ণনা করেছেন।
- অন্যদের কাছে সুসমাচার দেওয়ার সবথেকে উৎকৃষ্ট উপায় হল চারটি সুসমাচারের বিবরণকে পড়া ও তাদেরকে বলা।

২. **আসন্ন সপ্তাহের জন্য আপনার সহকর্মীদের সাথে কার্যকলাপ এর পরিকল্পনা করুন।**

চারটি সুসমাচার এর লেখকগণ কে ছিলেন ও তাদের বিবরণগুলি কিভাবে একে অন্যের সাথে সামঞ্জস্য ও অসামঞ্জস্য বহন করে তা আলোচনা করুন।

- বিশ্বাসী ও অবিশ্বাসীদের গৃহগুলি পরিদর্শন করুন।
- **ব্যাখ্যা** করুন যে চারটি সুসমাচার সেই সত্য গল্পকে উপস্থাপনা করে যা, যারা যীশুকে উত্তমরূপে জানতেন তাদের কাছ থেকে নেওয়া।
- **অবিশ্বাসীরা** যাতে পড়তে পারে সেজন্য যে কোনও একটি সুসমাচার পুস্তক তাদের কাছে রেখে যান।
- **বিশ্বাসীরা** যাতে যে কোনও একটি সুসমাচার পুস্তক পড়তে পারে সেজন্য একটি পাঠ পরিকল্পনা তাদের জন্য রেখে যান।

**৩. আসন্ন আরাধনার জন্য আপনার সহকর্মীদের সাথে পরিকল্পনা করুন।**

ছোটরা যে সমস্ত প্রশ্ন ও নাটক প্রস্তুত করেছে তা তাদেরকে উপস্থাপন করতে দিন।

ব্যাখ্যা করুন কিভাবে চারটি সুসমাচার পুস্তকের বিবরণ একটি ঐতিহাসিক সত্য যা অন্যান্য ধর্মীয় পুস্তক যেগুলো মিথ্যা দেবদেবী বা কারোর স্বপ্নকে বর্ণনা করে, তার থেকে সম্পূর্ণ ভিন্ন।

চারজন বিশ্বাসীর এক একজনকে মার্ক মথি, লূক ও যোহনের ভূমিকায় প্রতিনিধিত্ব করতে দিন।

প্রথম অংশ থেকে তাদের সম্পর্কে যে ঘটনা দেওয়া আছে তার বর্ণনা করবে ও নিজেদের পরিচয় দেবে।

**মার্ক ঃ** ''আমি হলাম মার্ক। প্রথম সুসমাচার যাত্রায় আমি পৌল ও বার্ণবার সাথে ছিলাম, কিন্তু পরে অত্যন্ত ভয় পাওয়ার কারণে আমি ফিরে এসেছিলাম। এই জন্য দীর্ঘ দিন ধরে পৌল আমার উপর রেগে ছিলেন, কিন্তু পরিশেষে তিনি আমাকে ক্ষমা করে দিয়ে ছিলেন ও আমার সাহায্য প্রার্থনা করেছিলেন।''

**মথি ঃ** ''আমাকে প্রেরিত মথি বলা হয়, যাকে লেবীয় নামেও ডাকা হত। আমি রোমীয় সরকারের জন্য কর সংগ্রহ করতাম যা যিহুদীদের আমার প্রতি ক্রোধান্বিত করেছিল।

**লূকঃ** ''আমি হলাম ডাক্তার লূক যিনি একজন শারীরবিদ। বহু গ্রীকদের মত আমিও যীশুর শিক্ষার উপর প্রতিফলিত হতে পছন্দ করতাম। আমি পৌলের কয়েকটি সুসমাচার যাত্রায় তাঁর সহযাত্রী হয়েছিলাম। যখন বিভিন্ন দেশের লোকদের কাছে আমরা যীশুর সম্বন্ধে বলেছিলাম ও তাদের নূতন মণ্ডলীতে যুক্ত করেছিলাম তখন পবিত্র আত্মার দ্বারা তাদের পরিবর্তনকে আমি অবলোকন করেছিলাম।''

**যোহন ঃ** ''আমার নাম যোহন এবং আমিই ছিলাম যীশুর শূন্য কবরে পৌঁছান প্রথম শিষ্য। আমিই হলাম সেই প্রেরিত যে সাক্ষ্যমরের মৃত্যুবরণ করেনি। যদিও তা ছিল দেশান্তরে, তথাপি ঈশ্বর আমায় বৃদ্ধাবস্থা পর্য্যন্ত বাঁচতে ও যীশুর কাছ থেকে প্রাপ্ত বার্তাগুলিকে লিখতে সাহায্য করেছিলেন।

সুসমাচারের বিবরণী গুলি তাদেরকে কিরূপে সাহায্য করেছে তা বিশ্বাসীদেরকে উচ্চস্বরে বলতে দিন।


প্রভুর ভোজের পরিচিতি করণের জন্য মথি ২৭ঃ২৭-৩১ অংশ পাঠ করুন। ব্যাখ্যা করুন যে যীশুর যাতনা ছিল আমাদের পাপের শাস্তি। তিনি আমদের জন্য দুঃখভোগ হয়েছিলেন ও মৃত্যুবরণ করেছিলেন। যতবার আমরা প্রভুর ভোজ পালন করি, ততবার আমরা ইহা স্মরণ করি।

**যোহন ৮ঃ৩১-৩২ একত্রে মুখস্থ করুন।**

৭ম শতকের অঙ্কন যা ''লিণ্ডিসফার্নে'' সুসমাচার নামে অভিহিত।



**মথি**



**মার্ক**



**লূক**



**যোহন**

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net